



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম



[www.macademy.gov.bd](http://www.macademy.gov.bd)

নং- প্রশিক-২৩৮/২০২৫

০৩ ফেব্রুয়ারী ২০২৫

## বর্ধিত বিজ্ঞপ্তি: ৬০ ব্যাচ ক্যাডেট যোগদান

আগামী ১০ ফেব্রুয়ারী ২০২৫ খ্রি: বাংলাদেশ মেরিন একাডেমি, জুলদিয়া, চট্টগ্রাম ক্যাম্পাসে ভর্তিকৃত ১৮০ জন ক্যাডেটের প্রশিক্ষণ (১৬০ জন পুরুষ ও ২০ জন মহিলা) শুরু হবে।

(১) প্রশিক্ষার্থীদেরকে প্রোক্ত দিবসে সকাল ০৮.৩০ ঘটিকায় চট্টগ্রাম রেলওয়ে নতুন স্টেশনে উপস্থিত হতে বলা হল। একাডেমির নিজস্ব বাসে তাদেরকে নির্ধারিত সময়সূচি অনুসরণ করে একাডেমিতে নিয়ে আসা হবে। কোনো প্রশিক্ষার্থী নিজ ব্যবস্থায় আসলে ১১নং পতেঙ্গা একাডেমি জেটি হতে সকাল ৮.৪৫ ঘটিকার রুটিন বোটে অথবা সড়কপথে সকাল ০৯.১৫ ঘটিকার মধ্যে একাডেমির মূল ফটকে উপস্থিত থাকতে হবে। ১০ ফেব্রুয়ারী ২০২৫ খ্রি: প্রশিক্ষণে যোগদানে ব্যর্থ হলে তার প্রার্থীতা বাতিল হয়ে যাবে।

(২) প্রশিক্ষার্থীর সাথে অভিভাবক/বন্ধুবান্ধব বাসে বা বোটে আসতে পারবেন না এবং প্রশিক্ষণকালীন সময়ে অভিভাবক/ আত্মীয়-স্বজন দেখা করতে পারবেন না। ক্যাডেট কোন প্রকার ব্যক্তিগত ছুটি পাবে না, তবে বিশেষ দুর্ঘটনা/নিকট আত্মীয় (যেমন-বাবা-মা, ভাই-বোন)-এর মৃত্যুজনিত কারণে এ্যাডজুটেন্ট এর মাধ্যমে কমান্ড্যান্ট বরাবর আবেদন করতে পারবে।

(৩) একাডেমির ২ বছর মেয়াদী প্রি-সি প্রশিক্ষণ ফি ৯৯,৯২০/- টাকা যা সরকারী আদেশবলে পরিবর্তনশীল। ১ম বছর ৫০,০০০/- টাকা মধ্যে পরিশোধকৃত ৩০,০০০/- টাকা। বাকী ২০,০০০/- (বিশ হাজার) টাকা “কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম-সোনালী ব্যাংক পিএলসি, মেরিন একাডেমি শাখা”-র অনুকূলে হিসাব নং ০৮৩৪২০০০০০০৯; হিসাবের নাম: ক্যাডেট জেনারেল একাউন্ট-এ সোনালী ব্যাংক-এর যে কোন শাখা থেকে ডিডি/পে অর্ডার/অনলাইন জমা দিতে হবে।

(৪) যোগদানের দিন নিম্নলিখিত ডকুমেন্ট/প্রমানাদি জমা দিতে হবে।

(ক) মূল আবেদন ফরম (ব্লু ফরম)- Main Application Form

(খ) ২০,০০০/- (বিশ হাজার) টাকার অনলাইন জমা স্লিপ/ডিডি/পে অর্ডার

(গ) ইনডেমনিটি বন্ড- ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প (নমুনা মোতাবেক)

(ঘ) অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি

- ০২ কপি

(ঙ) পাসপোর্ট সাইজের ছবি

- ০৪ কপি

(চ) নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি (সিটি কর্পো ওয়ার্ড/ইউপি)

- ০২ কপি

(ছ) অবিবাহিত প্রমাণক সনদের মূলকপি (সত্যায়িত কপিসহ)

- ০১ কপি

(জ) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয়কর রিটার্ন কপি (চলতি বছরের)

- ০১ কপি

(ঝ) মাধ্যমিক পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ

- ০২ কপি (আগে জমা না দিলে)

(ঞ) উচ্চ মাধ্য. পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ (মূলসনদ না পেলে প্রসংশাপত্র)

- ০২ কপি (আগে জমা না দিলে)

(৫) সংযুক্ত তালিকা মোতাবেক মালামাল/ডকুমেন্ট ও সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে। এর বাইরে কিছুই আনা যাবে না। মোবাইল, ঘড়ি, ইলেকট্রনিক যন্ত্র বা খাদ্যদ্রব্য নিয়ে আসা যাবে না, তবে প্রশিক্ষার্থীর বিশেষ প্রয়োজনে মোবাইল নিয়ে আসলে একাডেমিতে জমা রাখা হবে, তবে চার্জ বা অন্য কারণে মোবাইল নষ্ট হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্র.: তালিকায় উল্লেখিত মালামাল/দ্রব্যাদি সাধারণভাবে যা বুঝায় সেটাই সংগ্রহ করতে হবে। বিশেষ কোন ডিজাইন নির্দিষ্ট নয় বিধায় অহেতুক অর্থ অপচয় না করার পরামর্শ দেয়া হল। প্রয়োজনীয় ইউনিফর্ম একাডেমি হতে দেয়া হবে।

(৬) জরুরী প্রয়োজনে যোগাযোগ: একাডেমি এক্সচেঞ্জ : ০২৩৩৩১৪১৫১-৬ (অপারেটর ০)

সিপিও (জিআই): জনাব মো: নাজিম ০১৮৮৭৬৩৪৫১৭/জনাব মো: ফরিদ ০১৭১৬২০৪৮৫১

জনাব মো: মাহফুজুর (পিটিআই) ০১৮১৫৩২১৫৩৬;ওয়েব সাইট: [www.macademy.gov.bd](http://www.macademy.gov.bd)

স্বা:/

(খালিদ মাহমুদ)

প্রধান শিক্ষা কর্মকর্তা